গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
www.dghs.gov.bd

স্মারক নং:- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/ বিডিএস/২০১৭-২০১৮/০৫৫ তারিখ: ১৫-১০-২০১৭ খ্রিঃ

(ভর্তিচ্ছু ছাত্র ছাত্রীদের জন্য বিস্তারিত নির্দেশনা)

১ম বর্ষ বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ)

সকল সরকারী ও বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট/ইনষ্টিটিউট এর জন্য প্রযোজ্য

০১ আবেদন 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে।

০২. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

০৩. যারা ২০১৪ বা ২০১৫ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং ২০১৬ বা ২০১৭ সালে এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা আবেদনের যোগ্য হবেন। ইংরেজী ২০১৪ সালের পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৪. সকল দেশী ও বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দু'টি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ হতে হবে। সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে; তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ আবেদনের যোগ্য হবেন না। সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে। এ বিষয়টি ডেন্টাল কলেজে ভর্তিচ্ছু বিদেশী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

০৫. অনলাইনে আবেদন ফরম পুরন করার পূর্বে নির্দেশাবলী ভাল ভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী অত্যন্ত সতর্কতার সাথে ফরম পূরণ করতে হবে।

০৫.১ BDS ভর্তি পরীক্ষার Online ফরম পূরণের নিয়মাবলীঃ-

০৫.২ ওয়েব সাইট: http://dghs.teletalk.com.bd

০৫.৩ Website-এ প্রবেশের আগে নিম্নে বর্ণিত জিনিস গুলো সাথে রাখতে হবে। এগুলো না থাকলে ফরম পূরণ শেষ না করেই Website থেকে বের হয়ে আসতে হবে। অনলাইনে আবেদন ফরম পুরণ করার পর **টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে ১০০০** (এক হাজার) টাকা ফিস হিসেবে অবশ্যই জমা দিতে হবে। ফিস জমা দেয়ার পর আবেদনপত্র চূড়ান্ত ভাবে গৃহিত হবে।

০৫.৪ (১) 300 × 300 pixel মাপের নিজের একটি রঙ্গীন ছবি (jpg) আপলোড করতে হবে। ছবির ফাইলের সাইজ 100 KB-র বেশী হবে না। স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা ছবি হলে চলবে।
(২) 300 × 80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (jpg) আপলোড করতে হবে। (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB-র বেশী হবে না। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরী করা ও মিলিয়ে দেখার জন্য এই Page এ একটি Link দেওয়া আছে।

০৫.৫ উপরের দুইটাই কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website-এ ঢুকবে সেই কম্পিউটারে) অথবা Pendrive-এ পূর্ব থেকেই ছবি ও স্বাক্ষর Save করে রাখতে হবে। কম্পিউটারের সাথে প্রিন্টার থাকা প্রয়োজন।

০৫.৬ ইংরেজীতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদিসহ) লিখিত ভাবে নিজের কাছে রাখতে হবে।

০৫.৭ ভর্তিচ্ছু ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট গুলোর নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া উচিৎ। কারণ পছন্দক্রম একবার দেওয়ার পর আর বদলানো যাবে না। কলেজ কোডগুলো 51 থেকে 59 (সারনি-১ দ্রষ্টব্য) জানা থাকতে হবে। ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনে (সারনি-১) প্রয়োজন হবে।

০৫.৮ উপরোক্ত তথ্যগুলো এবং সাথে এই নিয়মাবলীর একটি কপি প্রস্তুত রেখে,০৫.৯ এর নির্দেশনা পালন করে অন লাইন ফর্ম পূরণ করুন

০৫.৯ http://dghs.teletalk.com.bd-তে ক্লিক করতে হবে। প্রথমে ভর্তির নিয়মাবলীর একটি সংযোগ দেখা যাবে। সেটা ক্লিক করে ভালভাবে পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরৎ আসতে হবে।

০৫.১০ এখানে দুটি অপশন আছে। একটি SSC/HSC/Alim ইত্যাদি পাশ করেছে তাদের জন্য; আরেকটি যারা O- Level /A-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদের জন্য দ্বিতীয় ধরনের প্রার্থীদের Director, Medical Education এর কাছ থেকে ফরম পূরনের পূর্বেই Equivalent Certificate ও ID সংগ্রহ করতে হবে। এটা ছাড়া ফরম পূরণ করা যাবে না।

০৫.১১ প্রথম অপশনে ক্লিক করুন। পৃষ্ঠার নিচে Next হাইলাইট হবে এবং সেটা ও ক্লিক করলে দ্বিতীয় পৃষ্ঠা আসবে।

০৫.১২ এখানে SSC, HSC ইত্যাদির Roll Number, Registration Number, Board, Year পূরণ করতে হবে। প্রার্থীর উপজাতীয় কোটায় সুযোগ থাকলে তাকে Tribal /Hilltract's non tribal Quota বাটনে ক্লিক করতে হবে। এখানে ক্লিক না করলে পরের পৃষ্ঠায় উপজাতির সংশ্লিষ্ট অপশনের সুযোগ থাকবে না এবং উপজাতির কোটায় নির্ধারিত GPA ৮.০০ কার্যকরী হবে না। কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজ দেখাতে হবে। দেখাতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে। পরে এই অপশন বদল করার কোন সুযোগ নেই।

০৫.১৩ এখানে কোন কিছু ভুল হলে Reset বাটনে ক্লিক করে আবার পূরণ করতে হবে। সব তথ্য সঠিকভাবে পূরণ হলে Next ক্লিক করে পরের পৃষ্ঠায় যেতে হবে।

০৫.১৪ এ পৃষ্ঠার উপরের অংশে প্রার্থীর নাম, পিতা-ও মাতার নাম, জন্ম তারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষায় প্রাপ্ত লেটারগ্রেড সমূহ এবং গ্রেডপয়েন্ট স্বয়ংক্রীয় ভাবে চলে আসবে। (O level/A level প্রার্থীরা তাদের অপশনে গিয়ে নিজেরা পূরণ করবে)।

০৫.১৫ পরীক্ষার সময় ইংরেজী প্রশ্নের প্রয়োজন হলে এখানে Question Language ইংরেজী অপশন পূরণ করতে হবে।

০৫.১৬ Home District পূরণ করতে হবে। পূরণকৃত জেলার কোটায় ভর্তির আসন বরাদ্দ পেলে, ভর্তির সময় সেই জেলার সার্টিফিকেট দেখাতে না পারলে, বরাদ্দকৃত আসন বাতিল হয়ে যাবে। অন্যান্য কোটার ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে।

০৫.১৭ মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে এখানে Eligible for Freedom Fighter Quota বাটনে ক্লিক করতে হবে। ভুল করে এই অপশন দিলে এবং কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে। মুক্তিযোদ্ধা কোটার দাবিদার সন্তানদের সন্তানের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।

০৫.১৮ এরপর Present Address ও Permanent Address পূরণ করতে হবে। তারকা চিহ্নিত অংশ পূরণ করতেই হবে। না করলে পরের পৃষ্ঠায় যাওয়া যাবে না। Present Address ও Permanent Address এক হলে Permanent Address এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।

০৫.১৯ এগার (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালীন সার্বক্ষনিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে USER ID, PASSWORD ও পরীক্ষার কেন্দ্রের নাম SMS এর মাধ্যমে আসবে। দ্বিতীয় ঘরে দ্বিতীয় মোবাইল নম্বর দেওয়া উচিৎ প্রয়োজনে যোগাযোগের জন্য।

০৫.২০ এরপর Choice Option পূরণ করতে হবে। বাম পাশের কলেজের লিষ্ট থেকে পছন্দের কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের ক্রমানুসারে কলেজ গুলোকে ডানদিকে নিতে হবে। ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম। কলেজ পছন্দের তালিকায় কমসংখ্যক কলেজের নাম থাকলে মেধা তালিকায় থাকা সত্ত্বেও অপেক্ষমান তালিকায় নাম চলে যাওয়া এবং আসন না পাওয়ার সম্ভাবনা বেশী থাকে। এখানে কোনভাবেই ভুল করা যাবে না।

০৫.২১ এবার পূর্ব থেকে তৈরী করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।

০৫.২২ Validation Code যেভাবে দেওয়া আছে, সেভাবে টাইপ করতে হবে।

০৫.২৩ পৃষ্ঠার শেষে Declaration বাটনে ক্লিক করে **Submit** ক্লিক করতে হবে।

০৫.২৪ কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে। ছবি ও স্বাক্ষর সাইজ মত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর সাইজ মত করার অপশন অনলাইনে থাকবে।

০৫.২৫ এই পৃষ্ঠায় একটি User ID নম্বর দেখা যাবে। এই নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারণ এটা দিয়ে টেলিটক **Prepaid** মোবাইল থেকে দরখাস্তের ফিস জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষর সহ সকল তথ্য দেখা যাবে। এ পৃষ্ঠা অবশ্যই প্রিন্ট করে রাখা উচিৎ। **কেননা এই ছবি ও স্বাক্ষরেই প্রার্থী সর্বত্র পরিচিত হবেন।**

০৫.২৬ এ পৃষ্ঠায় যদি কোন ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে সঠিক ছবি/স্বাক্ষর বা তথ্য যোগ করে নতুন ভাবে ফরম পূরণ করতে হবে। একবার টাকা জমা দিলে এর পর ছবি বা স্বাক্ষর পরিবর্তনের সুযোগ নেই। কারিগরি সহায়তার জন্য 01550157750, 01550150056, 01550150080, 01550150066, 01550150064 নম্বরে ফোন করা যাবে । ই-মেইল: dghs@teletalk.com.bd

০৫.২৭ **Prepaid** টেলিটকের মাধ্যমে ফিস জমা দিলে User ID ও Password পাওয়া যাবে। এটা উভয় মোবাইলেই আসবে। **ফরম পুরনের সময় লেখা স্টার চিহ্নিত নম্বরটি যে কোন অপারেটরের মোবাইল হলে চলবে।**

০৫.২৮ শুধু ফিসের টাকা Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে। প্রয়োজনীয় SMS, ফরম পূরণের সময় প্রদানকৃত মোবাইল নম্বরে দেওয়া হবে।

০৫.২৯ **ফিস জমা দেয়ার পদ্ধতি ঃ**

(ক) টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপশনে গিয়ে BDS লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:

উদাহরণ: BDS**<Space>FRLGCT Type** করে **Send** করতে হবে **16222** নম্বরে। এখানে **FRLGCT** হলো ফরম পূরণ করে পাওয়া User ID ।

ফিরতি SMS-এ একটি PIN, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফিস হিসেবে ১০০০/- (এক হাজার) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

(খ) Message অপশনে গিয়ে BDS লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে পছন্দের সর্বোচ্চ চারটি **Centre Code** (১ নং সারনিতে) কমা (,) দিয়ে (উদাহরন: নিচে দেওয়া হলো) লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণ: BDS**<Space>YES<Space>456789<Space>51,52,53 Type** করে **Send** করতে হবে **16222** নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN Number এবং **51,52,53** নম্বরগুলো হলো পরীক্ষা কেন্দ্রের কোড নম্বর। PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের Prepaid মোবাইল থেকে পরীক্ষার ফিস বাবদ ১০০০/-(এক হাজার) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS-এ পরীক্ষা কেন্দ্রের নাম জানিয়ে একটি User ID ও Password দেওয়া হবে।

০৫.৩০ **প্রার্থী User ID ও Password দিয়ে ০৫-১১-২০১৭ খ্রিঃ থেকে ০৮-১১-২০১৭ খ্রিঃ পর্যন্ত স্ব স্ব প্রবেশপত্র ডাউনলোড (Download) করে প্রিন্ট নেবে।**

প্রবেশপত্র ওয়েব সাইটে দেওয়ার বিষয়টি SMS-এ জানানো হবে। প্রবেশপত্র হারিয়ে গেলেও পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। পরীক্ষার ফলাফল প্রার্থীর মোবাইলে SMS এবং DGHS-এর ওয়েবসাইট www.dghs.gov.bd-র মাধ্যমে জানানো হবে। অপর পৃষ্ঠায় পরীক্ষা কেন্দ্রের নাম ও কোড দেওয়া হলো (সারনি-১)।

Download করা প্রবেশ পত্র এবং এইচএসসি/ সমমান পরীক্ষার Registration ফরম পরীক্ষার হলে *অবশ্যই* নিয়ে আসতে হবে।

০৫.৩১ সারনি-১ : বিভিন্ন ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ইউনিটের নাম, আসন সংখ্যা ও পরীক্ষা কেন্দ্রের নাম

College Code	Code_College Name	General Seats	FF Seats	Tribal Seats	Examination Centre
51	Dhaka Dental College, Dhaka	95	2	0	Exam. Centre
52	Chittagong Medical College Dental Unit	59	1	0	Exam. Centre
53	Rajshahi Medical College Dental Unit	58	1	0	Exam. Centre
54	Shaheed Suhrawardy Medical College Dental Unit	55	1	0	Exam. Centre
55	Sir Salimullah Medical College Dental Unit	50	1	1	Exam. Centre
56	Mymensingh Medical College Dental Unit	50	1	1	
57	MAG Osmani Medical College Dental Unit	50	1	1	
58	Sher E Bangla Medical College Dental Unit	50	1	1	
59	Rangpur Medical College Dental Unit	50	1	1	

০৬. অনলাইনে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শুরুর তারিখ: আগামী ১৭-১০-২০১৭ খ্রিঃ রোজ মঙ্গলবার (দুপুর : ১২.০০ টা)

০৭. অনলাইনে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ২৮-১০-২০১৭ খ্রিঃ রোজ শনিবার (রাত্র ১১.৫৯মিঃ পর্যন্ত), এরপর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। **স্ব স্ব প্রবেশপত্র ডাউনলোড ০৫-১১-২০১৭ খ্রিঃ থেকে ০৮-১১-২০১৭ খ্রিঃ পর্যন্ত,**

০৮. ভর্তি পরীক্ষার তারিখ: ১০-১১-২০১৭ খ্রিঃ রোজ শুক্রবার সকাল ১০.০০ থেকে ১১.০০ ঘটিকা। ০১ (এক) ঘন্টা। (সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হবে।)

০৯. ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে।

১০. প্রার্থী মুল্যায়ন পদ্ধতি ও নম্বর বিভাজনঃ

১০.১ এসএসসি ও এইচএসসি-র জিপিএ এবং লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী মুল্যায়ন করা হবে।

এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ গুন = ৭৫ নম্বর (সর্বোচ্চ)

এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ গুন = ১২৫ নম্বর (সর্বোচ্চ)

MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা =১০০ নম্বর

১০.২ লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর। **বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ- জীববিদ্যা -৩০; রসায়নবিদ্যা -২৫; পদার্থবিদ্যা -২০; ইংরেজী- ১৫; সাধারণ জ্ঞান; বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতি-৬, আন্তর্জাতিক-৪।**

১০.৩ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বিডিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর (এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন + এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে এবং পূর্ববর্তী বৎসরের সরকারী মেডিকেল বা ডেন্টাল কলেজ/ ইউনিট এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ০৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকায় তৈরি করা হবে। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে নূন্যতম ৪০ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গন্য হবেন। শুধু মাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধা তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

১০.৪ ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চুড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে। উত্তরপত্র OMR/ICR মেশিনে পরীক্ষা করা হবে।

১১. আগামী ১৭/১০/২০১৭ খ্রিঃ থেকে ২৮/১০/২০১৭ খ্রিঃ পর্যন্ত উল্লেখিত নিয়মে অনলাইনে ভর্তির ফরম পুরনের সুযোগ থাকবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে যদি কোন ছাত্র/ ছাত্রী এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়, তবে তিনি এই শিক্ষাবর্ষে সরকারী/বেসরকারী ডেন্টাল কলেজ/ইউনিট এ ভর্তির জন্য যোগ্য হবেন না। ইংরেজী ২০১৪ সালের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করা ছাত্র-ছাত্রীরা আবেদনের অযোগ্য হবেন না।

১২. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা তাদের মার্কস সার্টিফিকেট সমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করতে হবে।

১৩. সরকারী বিডিএস কোর্সে মোট আসন সংখ্যার বিভাজন ২নং সারনিতে দেওয়া আছে।

১৪. সারনি-২ : বিডিএস কোর্সে মোট আসন সংখ্যার বিবরণ

DENTAL: Grand Total: 532	General seats	517
	FF Seats (2%)	10
	Tribal Seats	05

১৫. জাতীয় মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন:

১৫.১ প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখ সহ) প্রকাশ করা হবে।

১৫.২ সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট-এ ভর্তির জন্য মুক্তিযোদ্ধা, উপজাতী ও অ-উপজাতীদের জন্য নির্ধারিত আসন বাদে অবশিষ্ট আসনে জাতীয় মেধায় ৮০% ও জেলা কোটায় ২০% প্রার্থী নির্বাচন করা হবে। একই সাথে যুক্তিযুক্ত সংখ্যক প্রার্থীদের মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকাও প্রকাশ করা হবে। সংরক্ষিত আসন সমূহেও নিজ নিজ শ্রেনীর দাবীদারদের মধ্য হতে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। এ ক্ষেত্রেও যুক্তিযুক্ত সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। নির্বাচিত প্রার্থীর অর্জিত মেধাক্রম এবং **ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট** পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হবেন তা স্বয়ংক্রিয়ভাবে নির্ধারন করা হবে।

১৫.৩ মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ২% আসন মোট আসনের মধ্যে সীমিত থাকবে। মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধাদের সন্তান এবং সন্তানদের সন্তানরা আবেদন করতে পারবে।

১৫.৪ জাতীয়ভাবে গৃহীত বিডিএস ভর্তি পরীক্ষায় যে সকল প্রার্থী বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট/ইনস্টিটিউট-এ ভর্তি হতে চান, মেধা অনুযায়ী তাদের মধ্যে থেকে একটা নির্দিষ্ট সংখ্যা পর্যন্ত বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট/ইনস্টিটিউট-এ ভর্তি পরীক্ষায় উপযুক্ত ঘোষনা করা হবে। উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে বেসরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট/ইনস্টিটিউট-এর কর্তৃপক্ষ উক্ত তালিকার ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে তাঁর কলেজে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের দরখাস্ত আহবান করবেন। প্রাপ্ত আবেদন হতে মেধা তালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন। প্রতিটি প্রতিষ্ঠান প্রতি দফায় ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের পূর্নাঙ্গ তালিকা স্বাস্থ্য অধিদপ্তর (পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) এর বরাবরে প্রেরণ করবেন।

১৬. মাইগ্রেশন বা কলেজ বদলী (সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এর জন্য প্রযোজ্য) ভর্তির জন্যে নির্ধারিত তারিখ শেষে শুন্য আসন সমুহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবেদন, মেধাস্থান ও কলেজ পছন্দ অনুযায়ী কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) সুযোগ দেয়া হবে। মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূন্য আসনসমূহ অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে। **ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট থেকে ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট** মাইগ্রেশন ছাত্র/ছাত্রীর পছন্দ ও মেধার ভিত্তিতে একই সাথে হবে। বর্ণিত নিয়ম ব্যতিত অন্য কোনভাবে মাইগ্রেশন/বদলী হওয়া বা করা যাবে না।

১৭. আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় ***অবশ্যই*** প্রদান করতে হবে।

১৭.১ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

১৭.২ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/ টেষ্টিমোনিয়াল।

১৭.৩ জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।

১৭.৪ দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

১৭.৫ পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ ও জেলা প্রশাসক (ডেপুটি কমিশনার) এর সনদ এবং অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক (ডেপুটি কমিশনার) এর প্রদত্ত সনদপত্র।

১৭.৬ মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহনের স্বপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় গঠনের পর থেকে মাননীয় মন্ত্রী /প্রতি-মন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদ। (মুক্তিযোদ্ধা কোটার দাবিদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে)।

১৮. পরীক্ষায় অংশগ্রহনকারী/ নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যাহা ফলাফল নির্ধারণে বিবেচিত হয়েছে) অসম্পূর্ণ ও ভুল প্রমানিত হলে তার পরীক্ষা/ফলাফল/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৯. ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হয়। যে কোন ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট হতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন একই কথা।

বিশেষ দ্রষ্টব্য: কোন প্রার্থী/আবেদনকারী মুক্তিযোদ্ধা ও উপজাতির কোটা ভুল করে পুরন করলে সাথে সাথেই নতুন ভাবে (টাকা জমা দেওয়ার পূর্বে) ফরম পূরণ করতে হবে। কারণ, প্রার্থীর চাহিত কোটায় আসন বরাদ্দ হলে পরবর্তিতে উক্ত কোটার প্রয়োজনীয় কাগজ-পত্র দেখাতে না পারলে আসন বরাদ্দ বাতিল হয়ে যাবে। তখন আর সাধারন বরাদ্দের কোন সুযোগ থাকবে না ।
যে কোন বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৫/১০/১৭

অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email : medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে:- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)।

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আঃ মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃ: আ:-সচিব মহোদয়ের একান্ত সচিব)
৬. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৭. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)।
৮. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৯. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
১০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১২. উপাচার্য, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
১৩. উপাচার্য, চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।
১৫. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগার গাঁ, ঢাকা/ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৭. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
১৯. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
২১. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
২২. অতিরিক্ত মহাপরিচালক প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৩. পরিচালক, এমআইএস,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা গেল।
২৪. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
২৫. অধ্যক্ষ, সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ(সকল): অধ্যক্ষ : ৫১. ঢাকা ডেন্টাল কলেজ, ৫২.চট্টগ্রাম, ৫৩.রাজশাহী, ৫৪.শহীদ সোহরাওয়ার্দী, ৫৫.স্যার সলিমুল্লাহ, ৫৬.ময়মনসিংহ, ৫৭ এম,এ,জি,ওসমানী, ৫৮. শের-ই-বাংলা, ৫৯. রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট, রংপুর।
২৬. অধ্যক্ষ, বেসরকারী সরকারী ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট সমূহ (সকল):..
২৭. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৮. অধ্যক্ষ,..বেসরকারী মেডিকেল (সকল)।
২৯. রেজিষ্ট্রার, বিএমডিসি, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, ৮৬,বিজয় নগর, ঢাকা।
৩০. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৩১. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা। সকল মিডিয়াতে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৩২. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।
৩৩. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ ডেন্টাল সোসাইটি, মোতালেব প্লাজা, হাতিরপুল, ঢাকা।

১৪/১০/২১

অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email : medicaledu313@gmail.com